JUL 0■ 2002

নিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা ভার্সিটি হলে অছাত্রদের রাজনীতি বন্ধের নতুন উদ্যোগ

সাহাবুল হক ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে অছাত্র ও বহিরাগতদের রাজনীতি বন্ধ করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নতুন পদক্ষেপ গ্রহণ করছে। অছাত্র বহিরাগতদের গ্রেফতার করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যে (২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি হলে

(১ম পৃঃ পর)

আইন-শৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দেয়া ছাড়াও বৈধ ছাত্রদের জন্য তিন ধরনের পরিচয়পত্র সরবরাহেরও ব্যবস্থা নিয়েছে। আবাসিক হলগুলোতে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং হলের আভ্যন্তরীণ প্রশাসনিক কাজে ছাত্র সংগঠনগুলোর নেতা-কর্মীদের অবাঞ্ছিত হস্তক্ষেপ দূর করতে কর্তৃপক্ষ এ উদ্যোগ নিয়েছে বলে জানা যায়।

গত ৮ জুন বুয়েটে কোটি টাকার টেন্ডার নিয়ে ছাত্রদলের দুই ক্যাডার গ্রুপের বন্দুক যুদ্ধে কেমি কৌশল বিভাগের ছাত্রী সনি নিহত হওয়ার একদিন পর ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবাসিক হলগুলোর প্রভোস্টদের নিয়ে প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভায় হলগুলোতে অছাত্র ও বহিরাগতদের রাজনীতি বন্ধের সিদ্ধান্ত নেয়। সভায় হলগুলো থেকে পরিচয়পত্রও ইস্যু করা হবে। আবাসিক ছাত্র-ছাত্রীর জন্য সবুজ রঙের কার্ড, দ্বৈতাবাসিক ছাত্র-ছাত্রীর জন্য হলুদ রঙের কার্ড এবং অনাবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য সাদা রঙের কার্ড থাকবে। আবাসিক হলগুলোতে খোঁজ নিয়ে জানা যায়, প্রতিটি হলেই ছাত্রদলের অধিকাংশ নেতার শিক্ষা জীবন অনেক আগেই সমাপ্ত হওয়ার পরেও তারা হলে রয়েছে। ছাত্রদলের গড ফাদার এবং প্রভোস্টদের ম্যানেজ করে তারা হলে থাকে। শিক্ষা জীবন সমাপ্ত হয়ে যাওয়া নেতাদের সাথে যোগসাজশ করে অনেক বহিরাগতও হলে অবস্থান করে। সনি হত্যাকান্ডের পর হলগুলোতে ব্যাপক পুলিশী অভিযানের পর কয়েক সপ্তাহ এই সকল ছাত্রনেতা হলের বাইরে থাকলেও এখন পুনরায় তারা হলে ফিরেছে। তাছাড়া ছাত্রদলের অমুক ভাই তমুক ভাইয়ের নিয়ন্ত্রণে হলগুলো থাকার কারণে সাধারণ ছাত্রদেরও সিট পাওয়ার জন্য তাদের পিছনেই ছুটতে হয়।